



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.১০১.১১.০০৯.২১-৩৫৪

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের “ডাটাবেজ ম্যানেজার” (৯ম গ্রেড, ১ম শ্রেণি) পদের লিখিত পরীক্ষার সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের “ডাটাবেজ ম্যানেজার” [বিজ্ঞপ্তির ক্রমিক নং- ৯, তারিখ: ২৭.০৪.২০২২] পদের প্রার্থীদের ৪ ঘণ্টাব্যাপী লিখিত পরীক্ষার সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি নিয়ে উল্লেখ করা হলো :

লিখিত পরীক্ষার সময়সূচি ও আসন ব্যবস্থা

তারিখ ও সময়	কেন্দ্রের নাম	রেজিস্ট্রেশন নম্বর		প্রার্থীর সংখ্যা
		থেকে-----পর্যন্ত		
২৯.১১.২০২২ বেলা ১২.০০ টা হতে ৪.০০ টা পর্যন্ত	৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭	০০০০০১	৮০০০৭৬	১৯৯ জন


লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- লিখিত পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে পরীক্ষার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

(Handwritten signature)

ক্রমশ/২

৪. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।
৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তদ্বিাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস, গহনা, ক্রেডিড কার্ড, ব্যাংক কার্ড আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উল্লিখিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী কোনো পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। তবে সাইটিক্সিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
৮. প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল বিষয়-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা ৪ ঘণ্টায় অনুষ্ঠিত হবে।
৯. পরীক্ষা কক্ষে প্রার্থীদেরকে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১০. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ২৪-১১-২০২২ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাগ্লে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।
১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১২. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।



(আবদুল্লাহ আল মামুন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)